শৈলকুপায় শান্তিপূর্ণ ভাবে ভোট গ্রহণ অনুষ্ঠিত, বেসরকারি ভাবে নৌকার প্রার্থী বিজয়ী

ঝিনাইদহের শৈলকুপা পৌরসভায় আওয়ামী লীগ মনোনীত নৌকা প্রতীকের আশরাফুল আজম ৩৬০৬ ভোটের ব্যবধানে বেসকারী ভাবে নির্বাচিত হয়েছেন। তিনি পেয়েছেন ১০৮৮৭ ভোট এবং তার নিকটতম আওয়ামী লীগের বিদ্রোহী প্রার্থী তৈয়বুর রহমান খান পেয়েছেন ৭২৮১ ভোট। এছাড়া ধানের শীষ পেয়েছে ১৫৯৪ ও লাঙ্গল পেয়েছে ১৯৩৬ ভোট।

গতকাল শনিবার সকাল ৮ থেকে বিকাল ৪টা পর্যন্ত এই ভোট গ্রহণ অনুষ্ঠিত হয়। পৌর সভার ১৫ কেন্দ্রের মধ্যে দুই একটি কেন্দ্রে বিচ্ছিন্ন ঘটনা ছাড়া শান্তিপূর্ণ ভাবে ভোট গ্রহণ অনুষ্ঠিত হয়েছে।

১নং খুললা নামক একটি কেন্দ্রে ভোটারদের মধ্যে সংঘাতের সৃষ্টি হলে কিছুক্ষণের জন্য সেখানে ভোট গ্রহণ বন্ধ থাকে। পরে আইন শৃঙ্খলা বাহিনীর হস্তক্ষেপে দ্রুতই ভোট গ্রহণ শুরু হয়।

স্বতন্ত্র প্রার্থীর গাড়ীর উপরে হামলার ঘটনা ঘটেছে বলেও তিনি অভিযোগ করেন। তাছাড়া কিছু কিছু কেন্দ্রে পোলিং এজেন্টদের ভয়ভীতি দেখানোর অভিযোগও পাওয়া গেছে। তবে বড় ধরনের কোন অপ্রীতিকর ঘটনা ঘটেনি।

কুষ্টিয়ায় বড় ভাইকে হত্যার অভিযোগ

কুষ্টিয়ার মিরপুরে জমাজমী সংক্রান্ত বিরোধের জের ধরে বড় ভাইকে হত্যার অভিযোগ উঠেছে ছোট ভাইয়ের বিরুদ্ধে।

গতকাল শনিবার (১৬ জানুয়ারি) দুপুর দেড়টার দিকে মিরপুর উপজেলার

ছাতিয়ান ইউনিয়নের নফরকান্দি এলাকার মাঠে এ ঘটনা ঘটে।

নিহত দাউদ খাঁ (৬০) উক্ত এলাকার মৃত অমুল্য খাঁ এর ছেলে।

মিরপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) গোলাম মোস্তফা জানান, জমাজমি সংক্রান্ত বিরোধের জের ধরে ছোটভাই আব্দুল গফুরের সাথে দুপুরে মাঠে বাকবিতণ্ডা হয়।

এসময় ছোট ভাই বড় ভাইকে লক্ষ্য করে একটি ঢিল ছুঁড়লে এতে ঢিল বুকে লেগে আঘাতপ্রাপ্ত হন। পরে বাড়ীর ফেরার পথে বড় ভাই দাউদ খাঁ মারা যান।

গাংনী পৌরসভার নবনির্বাচিত মেয়র আহম্মেদ আলী

মেহেরপুরের গাংনী পৌরসভা নির্বাচনে সরকার দলীয় (নৌকা প্রতিক) প্রার্থী আহম্মেদ আলী মেয়র নির্বাচিত হয়েছেন। তিনি পেয়েছেন ৯ হাজার ৪৬৭ ভোট। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী স্বতন্ত্র প্রার্থী (জাগ মার্কা) আশরাফুল ইসলাম. পেয়েছেন ২ হাজার ৬৫১ ভোট। এদিকে বিভিন্ন ভোট কেন্দ্রে নানা অনিয়ম ও দুর্ণীতির অভিযোগ এনে দুপুরে বিএনপির প্রার্থীসহ চার প্রার্থী বর্জণ করেছেন। শনিবার দুপুরে এরা নির্বাচন বর্জন করেন।

বর্জণকারী প্রার্থীরা হচ্ছেন- বিএনপি মনোনীত প্রার্থী আছাদুজ্জামান বাবলু, স্বতন্ত্রপ্রার্থী আশরাফুল ইসলাম, আনারুল ইসলাম, ও ইশা আন্দোলনের আবু হুরাইরা।
গাংনী পৌরসভায় মেয়র পদে ৫ জন ও কাউন্সিলর পদে ৪০ জন ও সংরক্ষিত মহিলা কাউন্সিলর পদে ১০ প্রার্থী ভোট যুদ্ধে অংশ গ্রহণ করছেন। ৯ টি কেন্দ্রের ৬১ টি কক্ষে ভোট গ্রহণ করা হয়। মোট ভোটারের সংখ্যা ২০ হাজার ৩৫৭ জন। এদের মধ্যে পুরুষ ৯ হাজার ৭৬০ জন এবং মহিলা ভোটারের সংখ্যা ১০ হাজার ৫৯৭ জন। এর মধ্যে ১২ হাজার ৯১৫ জন ভোটার তাদের ভোটাধিকার প্রয়োগ করেন।

নির্বাচন বর্জনকারীরা জানান, ভোট কেন্দ্রে ও আশ পাশ এলাকায় প্রয়োজনীয় সংখ্যক আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর লোকজন থাকলেও সরকার দলীয় প্রার্থীর সমর্থকরা ভোট কেন্দ্র দখল করে নেয়। নৌকা প্রার্থীর ভোটারগণ ভোট কেন্দ্রে নির্বিঘ্নে ভোট দিলেও অন্যান্য প্রার্থীর সমর্থকরা ভোট কেন্দ্রে যেতে পারেন নি । বিভিন্ন স্থানে বাধা দেয়া হয়েছে। আবার ভোট কেন্দ্রে ভোটারের আঙ্গুলের ছাপ নিয়ে পোলিং অফিসার সরকার দলীয় প্রার্থীর নৌকা মার্কাতে ভোট দেন। প্রশাসন ও রিটার্নিং কর্মকর্তাকে বার বার অভিযোগ দিয়েও তাতে কোন কাজ হয়নি। ইভিএম যে কারচুপি করা যায় তার উজ্জ্বল দৃষ্টান্ত গাংনী পৌরসভা নির্বাচন। উদ্ধর্তন কোন শক্তির ইন্ধনে এ কারচুপি করা হয়েছে বলেও তিনি অভিযোগ করেন।

অপরদিকে সরকার দলীয় প্রাথী(নৌকা প্রতীক) আহমেদ আলী বলেছেন, সুষ্ঠু ও নিরপেক্ষভাবে নির্বাচন অনুষ্ঠিত হচ্ছে। কোন অপ্রীতিকর ঘটনা ঘেিটেন। নির্বাচনে পরাজয় নিশ্চিত জেনে চার প্রার্থী নির্বাচন বর্জন করছেন।

জেলা রিটার্ণিং অফিসার আহমেদ আলী জানান, কোন অনিয়ম পরিলক্ষিত হয়নি। একটি কেন্দ্রে অনিয়মের অভিযোগ পেয়ে তাৎক্ষনিক ব্যবস্থা নেয়া হয়েছে।

কালীগঞ্জে বিভিন্ন সেচ্ছাসেবী সংগঠন গুলোর মিলনমেলা অনুষ্ঠিত

ঝিনাইদহের কালীগঞ্জে সকল স্বেচ্ছাসেবী সংগঠনের মিলনমেলা অনুষ্ঠিত হয়েছে । সবুজ দেশ নিউজ ও সবুজ বাংলা রেস্টুরেন্টের উদ্যাগে কালীগঞ্জের সকল সেচ্ছাসেবী সংগঠনের সদস্যদের নিয়ে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

লায়ন বি, এম সাইদুজ্জামান সবুজের সভাপতিত্বে শনিবার দুপুরে হাঙ্গার বলিদাপাড়া চিত্রা নদীর পাড়ে উদ্বোধন আনুষ্ঠানে বিশেষ

অতিথি ছিলেন কালীগঞ্জ পৌরসভার প্যালেন মেয়র মনিরুজ্জামান রিংক,ও কালীগঞ্জ ফায়ার সর্ভিসের ষ্টেশনের স্টেশন মাস্টার শেখ মামুনুর রশিদ। মিলন মেলাতে কালীগঞ্জের প্রায় ২১ টি সামাজিক সেচ্ছাসেবী সংগঠনের সদস্যরা একত্রে মিলিত হয়ে উৎসবে মেতে উঠে। সকালে পিঠামেলা ও বিভিন্ন খেলাধুলার পর দুপুরে মধ্যান্ন্য ভোজের পর বিকালে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্টানের আয়োজন করা হয়।

অনুষ্টানে বক্তব্য রাখেন, কোলাবাজার উন্নয়ন ফোরামের সভাপতি জিল্লুর রহমান, দোয়েল মুক্ত স্কাউটের সভাপতি আব্দুল আলিম ও সমাজকর্মী নুরুজ্জামান প্রমুখ।

দিনব্যাপী আয়োজিত মিলনমেলাতে অংশগ্রহনকারী সংগঠনগুলির মধ্যে রয়েছে,ব্লাড ব্যাংক অফ কালীগঞ্জ, এক্স ক্যাডেট অর্গানাইজেশন (ইকো), হিলফুল ফুজুল যুব সংগঠন, পাতিবিলা মানব কল্যাণ ট্রাষ্ট, ইয়াংস্টার ক্লাব, ১ টাকায় জীবন ফাউন্ডেশন, কালীগঞ্জ স্টুডেন্টস এ্যাসোসিয়েশন, রৌদ্দুর স্বেচ্ছাসেবী সংগঠন, ঈশ্বরবা মানব কল্যাণ ট্রাষ্ট, ইয়ূথ এগেইনেস্ট হাঙ্গার,

দোয়েল মুক্ত স্কাউটস গ্রুপ, প্রত্যাশা ২০২১ ফোরাম, আলী নদবী ফাউন্ডেশন, উন্নয়ন ফোরাম, কাসেমিয়া ফাউন্ডেশন, স্বপ্নছোঁয়া স্বেচ্ছাসেবী সংগঠন,ব্লাড ব্যাংক অব ঝিনাইদহ, ইউনিভার্সিটি স্টুডেন্টস অ্যাসোসিয়েশন (ঊষা), ডিপ্লোামা ইঞ্জিঃ অ্যান্ড স্টুডেন্টস এ্যাসোসিয়েশন, বাংলাদেশ পুলিশ কালীগঞ্জ থানা, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স। প্রত্যেকটি সংগঠনের আলাদা আলাদা স্টলের ব্যবস্থা করা হয়।

গাংনীতে বিএনপি ও সতন্ত্র প্রার্থীর ভোট বর্জন

ইভিএম এ কারসাজি ও এজেন্টদের কেন্দ্র থেকে বের করে দেওয়ার অভিযোগে গাংনী পৌর সভা নির্বাচন বর্জন করেছেন বিএনপি প্রার্থী আসাদুজ্জামান বাবলু ও সতন্ত্র প্রার্থী বর্তমান মেয়র আশরাফুল ইসলাম।

গাংনী সরকারী বালিকা বিদ্যালয় কেন্দ্রে নৌকা প্রার্থীর সমর্থক মজিরুল ও মিলনের সাথে কাউন্সিলর প্রার্থী মিজানুর রহমানের বাক বিতন্ডা ও ধাক্কা ধাক্কির ঘটনা ঘটে। ওই কেন্দ্রে পোলিং অফিসার মিজানুর রহমান ভোটারদের আঙ্গুলের ছাপ নিয়ে সরকার দলীয় প্রার্থীর নৌকা মার্কায় ভোট প্রয়োগ করছেন। এ ব্যাপারে পোলিং অফিসার কোন স্বদুত্তোর প্রদান করেন নি। একই ভাবে ভোট চলছিল ৯টি কেন্দ্রে।

কুষ্টিয়ায় পৌর নির্বাচনে ভোটগ্রহণ চলছে

দ্বিতীয় ধাপে কুষ্টিয়ার চারটি পৌরসভা নির্বাচনের ভোট গ্রহণ শুরু হয়েছে। সকাল আটটায় শুরু হওয়া এ ভোট একটানা চলবে বিকেল চারটা পর্যন্ত। এর মধ্যে ১টি পৌরসভায় ইভিএম ও ৩টিতে ব্যালটে নেয়া হচ্ছে ভোট। বিতর্ক এড়াতে আজ ভোটের দিন ভোরে কেন্দ্রে কেন্দ্রে পাঠানো হয়েছে ব্যালট। জেলার কুমারখালী পৌরসভাতেই ইভিএমে ভোট গ্রহণ চলছে।

আর বাকি তিনটি পৌরসভা অর্থাৎ কুষ্টিয়া, ভেড়ামারা ও মিরপুর পৌরসভায় ব্যালটে নেয়া হচ্ছে ভোট। জেলার চারটি পৌরসভায় বিভিন্ন দলের মোট ১২ জন প্রার্থী মেয়র পদে প্রতিদ্বন্দ্বীতা করছেন। ভোট কেন্দ্র গুলো ঘুরে দেখা গেছে সকাল থেকেই ভোটাররা সারিবদ্ধ লাইনে দাঁড়ি ভোট দিচ্ছেন। এদিকে ভোট কেন্দ্র গুলোতে নিরাপত্তা ব্যবস্থা ছিল চোখে পড়ার মতো।

জেলা নির্বাচন অফিসের তথ্য মতে, জেলার ৪টি পৌরসভায় ৯০টি কেন্দ্রে সর্বমোট ২,০২,৪৮৭ জন ভোটার।

কুষ্টিয়া পৌরসভা-মোট কেন্দ্র: ৬২ টি মোট ভোটার সংখ্যা: ১,৪৬,৪২৩ জন। মিরপুর পৌরসভা- মোট কেন্দ্র : ১০ টি মোট ভোটার সংখ্যা: ১৭,৬৬৯ জন। ভেড়ামারা পৌরসভা-মোট কেন্দ্র: ৯টি মোট ভোটার সংখ্যা : ১৯,৪০৫ জন। কুমারখালী পৌরসভা-মোট কেন্দ্র: ৯টি

মোট ভোটার সংখ্যা: ১৮,৯৯০ জন।

কুষ্টিয়ার সহকারী রিটার্নিং কর্মকর্তা আবু আনছার বলেন,কুমারখালীতে ৯টি কেন্দ্রে মোট ৭২টি ইভিএম মেশিন দেওয়া হয়েছে। বাকি গুলোতে ব্যালটে নেয়া হচ্ছে ভোট।

ভোটারদের নিরাপত্ত্বায় কেন্দ্র গুলোতে আনসার ও পুলিশের অবস্থানের পাশাপাশি স্ট্রাইকিং ফোর্স হিসেবে পুলিশ, র্যাব ও বিজিবি কেন্দ্রের বাইরে টহল দিচ্ছে। ম্যাজিষ্ট্রেটদের নেতৃত্বে কয়েকটি মোবাইল টিম কাজ করছে।

আজ দ্বিতীয় ধাপে ৬০ পৌরসভায় ভোট

দেশে চলমান পৌর নির্বাচনে আজ শনিবার দ্বিতীয় ধাপে ৬০টি পৌরসভায় ভোট নেওয়া হবে। সকাল আটটায় ভোটগ্রহণ শুরু হয়ে একটানা চলবে বিকেল ৪টা পর্যন্ত। ৬০ পৌরসভার মধ্যে ২৯টিতে ভোট নেওয়া হবে ইলেক্ট্রনিক ভোটিং মেশিনে (ইভিএম) এবং ৩১টিতে ব্যালটের মাধ্যমে।

ইভিএমের মাধ্যমে ভোট হবে দিনাজপুরের জেলার বীরগঞ্জ, বগুড়ার সারিয়াকান্দি ও সান্তাহার, নওগাঁর নজিপুর, রাজশাহীর কাকনহাট ও আড়ানী, নাটোরের নলডাঙ্গা, সিরাজগঞ্জের কাজিপুর, পাবনার ফরিদপুর, মেহেরপুরের গাংনী, কুষ্টিয়ার কুমারখালী, ঝিনাইদহের শৈলকুপা, বাগেরহাটের মোংলা পোর্ট, মাগুরার মাগুরা, পিরোজপুরের পিরোজপুর, টাঙ্গাইলের ধনবাড়ী, ময়মনসিংহের ফুলবাড়ীয়া, নেত্রকোনার কেন্দুয়া, কিশোরগঞ্জের কুলিয়ারচর, ঢাকার সাভার, নরসিংদীর মনোহরদী, নারায়ণগঞ্জের তারাব, শরীয়তপুরের শরীয়তপুর, সুনামগঞ্জের জগন্নাথপুর, কুমিল্লার চান্দিনা, ফেনীর দাগনভূঞা, নোয়াখালীর বসুরহাট, খাগড়াছড়ির খাগড়াছড়ি এবং গাজীপুরের শ্রীপুর পৌরসভায়।

আর ব্যালটের মাধ্যমে ভোট নেওয়া হবে চট্টগ্রামের সন্দ্বীপ, সিরাজগঞ্জের বেলকুচি, উল্লাপাড়া, সদর ও রায়গঞ্জ, নেত্রকোনার

মোহনগঞ্জ, কুষ্টিয়ার সদর, ভেড়ামারা ও মিরপুর, মৌলভীবাজারের কুলাউড়া ও কমলগঞ্জ, কুড়িগ্রামের নাগেশ্বরী, গাইবান্ধার সুন্দরগঞ্জ ও সদর, দিনাজপুর সদর ও বিরামপুর, পাবনার ভাঙ্গুড়া, সাথিয়া ও ঈশ্বরদী, রাজশাহীর ভবানীগঞ্জ, সুনামগঞ্জের সদর ও ছাতক, হবিগঞ্জের মাধবপুর ও নবীগঞ্জ, ফরিদপুরের বোয়ালমারী, ময়মনসিংহের মুক্তাগাছা, নাটোরের গুরুদাসপুর ও গোপালপুর, বগুড়ার শেরপুর, বান্দরবান জেলার লামা এবং কিশোরগঞ্জ সদর পৌরসভায়।

নির্বাচনে আইনশৃঙ্খলা পরিস্থিতি শান্তিপূর্ণ রাখতে পুলিশ, এপিবিএন ও ব্যাটালিয়ন আনসারের সমন্বয়ে মোবাইল ফোর্স, স্ট্রাইকিং ফোর্স ও র্যাব মোতায়েন থাকবে। পাশাপাশি পুলিশ ও আনসার সদস্যও মাঠে থাকবেন।

ভোটার সংখ্যা এক লাখের বেশি যেসব পৌরসভায়, সেখানে চার প্লাটুন, ৫০ হাজারের বেশি হলে তিন প্লাটুন, ১০ হাজারের বেশি হলে দুই প্লাটুন এবং ভোটার সংখ্যা ১০ হাজারের নিচে হলে এক প্লাটুন বিজিবি মোতায়েন থাকবে ভোটের দিন।

দ্বিতীয় ধাপে ৬১টি পৌরসভার তফসিল ঘোষণা করেছিল নির্বাচন কমিশন (ইসি)। কিন্তু নীলফামারীর সৈয়দপুরে মেয়র পদের স্বতন্ত্র প্রার্থী (নারিকেল গাছ প্রতীক) মো. আমজাদ হোসেন সরকারের মৃত্যুতে এ পৌরসভার ভোট স্থগিত করা হয়।

দেশের ৩২৯টি পৌরসভার মধ্যে প্রথম ধাপে গত ২৮ ডিসেম্বর ইভিএমে ভোট হয় ২৪টি পৌরসভায়। দ্বিতীয় ধাপে আজ ভোট হচ্ছে ৬০ উপজেলায়। তৃতীয় ধাপে ৬৪টি পৌরসভায় ৩০ জানুয়ারি এবং চতুর্থ ধাপে ৫৬টি পৌরসভায় ১৪ ফেব্রুয়ারি ভোট নেওয়া হবে।

চুয়াডাঙ্গায় সুইসাইড নোট লিখে আত্মহত্যা

চুয়াডাঙ্গায় এএসএম মিরাজুল হাসান তুষার নামে এক ব্যক্তি আত্মহত্যা করেছেন।

বৃহস্পতিবার রাতে চুয়াডাঙ্গা পৌর শহরের সাদেক আলী মল্লিকপাড়ায় এ ঘটনা ঘটে।

তুষার ওই পাড়ার আবেদ হাসানের ছেলে এবং স্থানীয় ইম্প্যাক্ট মাসুদুল হম মেমোরিয়াল কমিউনিটি সেন্টারের মেডিকেল অ্যাসিস্ট্যান্ট।

পুলিশ ও এলাকা সূত্রে জানা গেছে, শুক্রবার সকালে বাড়ির একটি কক্ষে সিলিং ফ্যানে ঝুলন্ত অবস্থায় ছেলের লাশ দেখতে পান তার মা তরুলতা মন্ডল। পরে পুলিশে খবর দিলে সদর থানা পুলিশ নিহত তুষারের ঘর থেকে একটি সুইসাইড নোট উদ্ধার করে। ওই চিঠিতে লেখা আছে ‘আমি এএসএম মিরাজুল ইসলাম (তুষার) সজ্ঞানে-স্বেচ্ছায় নিজের সম্পূর্ণ ইচ্ছায় আত্মহত্যার পথ বেছে নিলাম। এই আত্মহত্যার পেছনে কারো কোনো এক বিন্দু পরিমাণ কোনো দোষ নেই। স্যরি মা। রাত ১২টা ৪০ মিনিট।’

নিহতের মা তরুলতা মন্ডল জানান, সম্প্রতি তুষার বাড়িতে একেবারে চুপচাপ থাকতো। কারো সাথে কোনো কথা বলতো না। সে বিষণ্নতায় ভুগছিলো।

এ ব্যাপারে চুয়াডাঙ্গা সদর থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আবু জিহাদ ফখরুল আলম খাঁন বলেন, “পারিবারিক কলহের কারণে তুষার আত্মহত্যা করেছেন। এ বিষয়ে সদর থানায় একটি অপমৃত্যু মামলা হয়েছে। পরিবারের পক্ষে কোনো অভিযোগ না থাকায় দাফনের অনুমতি দেয়া হয়েছে।”

কে হচ্ছেন গাংনীর পৌরপিতা, ভাগ্য নির্ধারণ আজ

কে হচ্ছেন গাংনীর নতুন মেয়র। আওয়ামী লীগের আহম্মেদ নাকি স¦তন্ত্র আশরাফুল, নাকি বিএনপির বাবলু নাকি ইসলামী আন্দোলন বাংলাদেশের হুরাইরা। এমন প্রশ্নের উত্তর মিলবে আজ।

১৬ জানুয়ারি, শনিবার সকাল ৮ থেকে বিকাল ৪ টা পর্যন্ত অনুষ্ঠিত হবে গাংনী পৌরসভা নির্বাচন। ৯ টি ওয়ার্ডের মোট ৯ টি কেন্দ্রে ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে।

এ দিকে গাংনী পৌরসভা নির্বাচনকে কেন্দ্র করে হামলা, ভাঙচুর, অস্ত্র ছিনতাইসহ পাল্টা-পাল্টি অভিযোগের মধ্যদিয়ে শেষ হয়েছে প্রচার প্রচারণা। নৌকা প্রতীকে নির্বাচন করছেন, সাবেক মেয়র আহম্মেদ আলী; ধানের শিষের প্রার্থী আসাদুজ্জামান বাবলু; হাত পাখা প্রতীক নিয়ে লড়ছেন আবু হুরাইরা ও একমাত্র স¦তন্ত্র প্রার্থী হিসেবে বর্তমান মেয়র আশরাফুল ইসলাম লড়ছেন জগ প্রতীকে।

তবে আওয়ামী ও স¦তন্ত্র প্রার্থীর মধ্যে হাড্ডাহাড্ডি লড়াইয়ের সম্ভাবনা দেখছে পৌরবাসী। ক্ষমাতসিন আওয়ামী লীগ প্রার্থী আহম্মেদ আলীর বিরুদ্ধে প্রচারণায় বাধাঁ দেওয়াসহ নানা ধরনের অভিযোগ এনে সতন্ত্র প্রার্থী আশরাফুল ইসলাম জানান, নির্বাচন থেকে সরিয়ে দিতে আমাকে নানাভাবে হেনস্থা করা হচ্ছে। আমার উপর হামলা চালানো হয়েছে, আমার সমর্থকদের হুমকি-ধামকি দেওয়া হচ্ছে। প্রচারণা চলাকালিন গাড়ি ভাঙচুর করা হয়েছে। তবে সকল অভিযোগ মিথ্যা দাবি করে আওয়ামী লীগ প্রার্থী আহম্মেদ আলী বলেন, নির্বাচনে স¦তন্ত্র প্রার্থীর হার নিশ্চিত জেনে তিনি এসব ভুল বকছেন। নিজের লোক দিয়ে নাটক সাজিয়ে অন্যকে দোষারোপ করার চেষ্টা করছেন।

এমন নানা নাটকীয়তার মধ্য দিয়ে পার হয়েছে প্রচারণার সময়। এখন অপেক্ষা পৌরপিতার নাম শোনার। সকল জল্পনা কল্পনার অবসান ঘটিয়ে সব কিছু স্বাভাবিক থাকলে আজ সন্ধ্যায় জানা যাবে নতুন মেয়রের নাম।

এদিকে নির্বাচন সুষ্ঠু পরিবেশে সম্পন্ন করার লক্ষ্যে আইনশৃঙ্খলা রক্ষাকারি বাহীনির ততপরতা ছিল চোখে পড়ার মত। জেলা পুলিশ সুপার এস এম মুরাদ আলী জানান, নির্বাচন অবাধ ও সুষ্ঠু করার জন্য প্রতিটি কেন্দ্রে আনসার, বিজিবি, র্যাব, পুলিশ, সাদা পোশাকে পুলিশসহ দ্জুন নির্বাহী ম্যাজিস্ট্রেট থাকবে। কোন রকম অপ্রীতিকর ঘটনা ঘটলে তাতক্ষণিক অপরাধীকে আইনের আওতায় নেওয়া হবে।

বারাদি ক্যাম্প সংলগ্ন রোড’র উদ্বোধন

মেহেরপুরের বারাদি ইউনিয়নের বারাদি ক্যাম্প সংলগ্ন বড়শিবাড়ি রোড এর উদ্বোধন করা হয়েছে। উদ্বোধন করেছেন অধ্যাপক ফরহাদ হোসেন দোদুল । তিনি বলেন যে, বাংলাদেশের মধ্যে মেহেরপুর জেলা একটি রোল মডেল হিসেবে পরিচিতি লাভ করবে এবং আগামী এক বছরের ভেতরে মেহেরপুরে সকল রোডের কাজ সম্পন্ন হবে।
উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা প্রশাসক, মেহেরপুর পুলিশ সুপার এবং বারাদি ইউনিট আওয়ামী লীগের সভাপতি শামিম ফেরদৌস ও সাধারণ সম্পাদক মেহেরপুর উপজেলা ভাইস চেয়ারম্যান মোঃ মমিনুল ইসলাম মমিনসহ অনেকে।